Bangladesh

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

## চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |
|---|

## (প্রেস বিজ্ঞপ্তি)

২২ ডিসেম্বর ২০২১ খ্রি.

**নগরীর দরিদ্রদের মাঝে ব্যবসায়িক সহায়তা প্রদান অনুষ্ঠানে মেয়র**
**বৈষম্য নয় বরং সবাই সমৃদ্ধ জীবনের অংশীদার হই**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, আমাদের দেশে জনসংখ্যার অর্ধেকেরও বেশী নারী। তাই তাদেরকে বাদ দিয়ে কোন উন্নয়ন সম্ভব নয়। মাননীয় প্রধানমন্ত্রী নারীদের ক্ষমতায়নের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে ইউএনডিপি ব্যবসা সহায়তা, শিক্ষা ও প্রশিক্ষণসহ যে কাজগুলো করছেন তা দেশের এসডিজি সূচক উন্নয়নে সহায়ক হবে। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান চেয়েছিলেন একটি উন্নত সমৃদ্ধ বাংলাদেশ। তাঁরই সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সেই ¯^প্ন বাস্তবায়নে কাজ করে যাচ্ছেন।

মেয়র বলেন, সম্প্রতি সারাবিশ্বে করোনা মহামারির কারণে মানুষের জীবনযাত্রা ও অর্থনৈতিক অবস্থায় ব্যাপক নেতিবাচক প্রভাব পড়েছে। বর্তমানে এই কারণে নগরীর কর্মহীন দরিদ্র জনগোষ্ঠী চরম দূদর্শার ভিতর দিয়ে দিনযাপন করছে। এমন অবস্থায় চসিক, ইউএনডিপি ও এফসিডিও'র সহায়তায় পরিচালিত প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে নিরন্তর কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় ইউএনডিপির এই ব্যবসা সহায়তার মাধ্যমে নারীরা ক্ষুদ্র কুঠিরশিল্প, দোকান ও হাঁস-মুরগী পালন ইত্যাদি ব্যবসায়িক কাজে ব্যবহার করে নিজেরা যেমন ¯^নির্ভর হবে তেমনি দেশজ উৎপাদনেও সহায়ক শক্তি হিসেবে কাজ করবে। ফলে যেসব পরিবার দরিদ্র সীমার নিচে আছে তাদের এক বিশাল অংশেরই দারিদ্রতা নিরসন এবং অন্যান্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। এভাবে দেশজ উৎপাদন ও দারিদ্রতার কমে যাওয়ায় জাতীয় অর্থনীতিতে এর ইতিবাচক প্রভাব পড়ছে যার কারণে দেশ আজ উন্নয়নশীল দেশে পরিণত হয়েছে। এভাবে বিশ্বকে অবাক করে দিয়ে বাংলাদেশ উন্নত দেশের কাতারে এগিয়ে যাচ্ছে যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বের কারণেই সম্ভব হচ্ছে। আজ বুধবার সকালে নগরীর থিয়েটার ইনস্টিটিউটে চসিক, ইউএনডিপি ও এফসিডিও'র উদ্যোগে দরিদ্রদের মাঝে ব্যবসায়িক সহায়তা অনুদান প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

চসিক নির্বাহী কর্মকর্তা মো. শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন এলআইইউপিসি'র টাউন ম্যানেজার মো. সারোয়ার হোসেন খান, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, টাউন ফেডারেশনের চেয়ারম্যান কৌহিনুর আক্তার, চসিক বস্তি উন্নয়ন কর্মকর্তা মঈনুল হোসেন আলী জয় প্রমুখ।

মেয়র আরো বলেন, বর্তমানে সমাজকল্যাণ বান্ধব সরকার দেশের অসহায় ও বিপন্ন মানুষের সামাজিক নিরাপত্তা বলয় সুদৃঢ় করেছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্কভাতা, বিধবা ও ¯^ামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, ক্যাপিটেশন গ্রান্ডসহ বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করে সামাজিক নিরাপত্তা বলয়ে সম্পৃক্ত করেছে। তিনি বলেন, আধুনিক সমাজ ব্যবস্থায় অসহায় প্রান্তিক মানুষের নি:শর্ত পরাজয়ে ক্রমেই গড়ে উঠেছে অভিজাত সমাজ, এই আভিজাত্যের মাঝেই বিধ্বস্ত মানবতা। তাই আসুন বৈষম্য নয় বরং সবাই সমৃদ্ধ জীবনের অংশীদার হই।

সভাপতির বক্তব্যে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, চসিক, ইউএনডিপি ও এফসিডিও'র সহায়তা নগরীর ২৪টি ওয়ার্ডে প্রান্তিক জনগোষ্ঠীর ৪২৫জন নারী ক্ষুদ্র উদ্যোক্তাদের মাঝে অনুদান হিসেবে ৪২ লক্ষ ৫০ হাজার টাকা প্রদান করা হয়েছে। এসকল নারী উদ্যোক্তা ইতোমধ্যে ক্ষুদ্র ব্যবসার উপর প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। তিনি এই প্রশিক্ষণকে কাজে লাগিয়ে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নসহ জাতীয় অর্থনীতিতে অবদান রাখতে পারবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠান শেষে চসিক মেয়র ঘোষণার মাধ্যমে এবং ডাচ বাংলা ব্যাংকের সহযোগিতায় রকেট অ্যাপের সাহায্যে ৪২৫জন উপকারভোগীর রকেট একাউন্টে অনুদানের টাকা তাৎক্ষণিক প্রেরণ করা হয়।

**বিপ্লব উদ্যানের সৌন্দর্যবর্ধন**
**কাজ দ্রুত সময়ে শেষ করতে হবে - মেয়র**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রাম হচ্ছে প্রকৃতির অনন্য সৃষ্টি। প্রকৃতিকন্যা চট্টগ্রামের উন্মুক্ত উদ্যান, সড়ক, ফুটপাত, মিডআইল্যান্ড ও গোলচত্ত¡রসমূহকে সুশোভিত উপস্থাপনের জন্য হাতে নেয়া হয়েছে বিভিন্ন ধরণের সৌন্দর্যবর্ধন প্রকল্প। প্রকৃতির সাথে সমš^য় রেখে এর সৌন্দর্যবর্ধন কাজ করতে হবে। এজন্য প্রয়োজন সৃজনশীলতা ও বৈচিত্র্যময় চিন্তা-চেতনার। এইসব প্রকল্পের মাধ্যমে নগরীকে নান্দনিক ও সবুজায়ন করে নগরীকে তার চিরচেনা রূপে ফিরিয়ে আনতে হবে এবং ঐতিহ্যবহ গুরুত্বপূর্ণ স্থানসমূহ সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণে মনোনিবেশ করতে হবে। আজ বুধবার সকালে ষোলশহরস্থ বিপ্লব উদ্যানের সৌন্দর্যবর্ধন প্রকল্পের কাজ পরিদর্শনে গিয়ে তিনি একথা বলেন।

মেয়র প্রকল্পের চলমান কার্যক্রমে ধীরগতি পরিলক্ষিত করে অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত সময়ের মধ্যে চুক্তি অনুযায়ী সৌন্দর্যবর্ধন কাজ সম্পন্ন করার জন্য প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাকে নির্দেশনা প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন প্রধান রাজ¯^ কর্মকর্তা মো. নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, আইন কর্মকর্তা মো. জসিম উদ্দিন প্রমুখ।

**শহীদ জায়া বেগম মুস্তারি শফি'র কফিনে মেয়রের শ্রদ্ধাঞ্জলি**

বিশিষ্ট লেখিকা একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির আন্দোলনে পুরধা শব্দ সৈনিক শহীদ জায়া বেগম মুস্তারি শফির কফিনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর পক্ষ থেকে চট্টগ্রাম শহীদ মিনারে ফুলের অর্ঘ্য দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, কাউন্সিলর মো. সলিমুল্লাহ বাচ্চু, হাসান মুরাদ বিপ্লব, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম চৌধুরী।

**চসিকের উচ্ছেদ অভিযান অব্যাহত**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর নির্দেশে পরিচ্ছন্ন বিভাগ আজ বুধবার নগরীর আগ্রাবাদ সিজিএস কলোনী হয়ে তাহের চেম্বার, বাদামতলী সোনালী ব্যাংক মোড়, শহীদ মিনার থেকে রিয়াজউদ্দিন বাজার আমতল, প্রবর্তক মোড় রাস্তার দু'পাশের ফুটপাত ও নালার উপর থেকে অবৈধ স্থাপনা উচ্ছেদ করে। চসিক উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম চৌধুরী নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়। নগরীর পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমে মেয়র নগরবাসীর সহযোগিতা কামনা করেন।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩